

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১১৭২  
আগরতলা, ১৩ জুন, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“উল্টোপাল্টা রিপোর্টে ঠকছেন জনগন নার্সিংহোম ও প্যাথলজিগুলোর উপর নজর নেই, ঘুমে স্বাস্থ্য দফতর,” এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ১ জুন, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের নির্দেশে তিন সদস্যের একটি তদন্তকারী কমিটি গঠন করা হয়েছিল। সেই কমিটির দেওয়া রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, নির্দেশিকা অনুযায়ী যে কোনও ল্যাব বা নমুনা সংগ্রহ কেন্দ্রের রেজিস্ট্রেশন শুধুমাত্র সমস্ত প্রয়োজনীয় নথিপত্র কঠোরভাবে যাচাই করার পরেই জারি করা হয়। চলতি আর্থিক বছরে (২০২৫-২৬), অনিবন্ধিত ল্যাব শনাক্ত করার লক্ষ্যে ২৮টি ল্যাবে পরিদর্শন করা হয়েছে এবং সঠিক রেজিস্ট্রেশন ছাড়া পরিচালিত ২৮টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে বন্ধের নোটিশও জারি করা হয়েছে। এছাড়া এই ধরনের প্রতিষ্ঠান সম্পর্কে যে কোনও অভিযোগ পাওয়া গেলে তা সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাও নেওয়া হয়ে থাকে।

\*\*\*\*\*